

গমের পাতায় মরিচা রোগ

রোগের কারন : এ রোগটি *Puccinia triticina* নামক বায়ুবাহিত ছত্রাক দ্বারা হয়ে থাকে।

রোগের লক্ষণ :

- আক্রান্ত গাছে পাতার উপর মরিচার ন্যায় বাদামী রং এর ফোঁসকা দেখা যায়।
- হাত দিয়ে স্পর্শ করলে হাতে বাদামী রং লেগে যায়।
- আক্রমণের মাত্রা বেশী হলে আক্রান্ত পাতাগুলো দ্রুত শুকিয়ে যায়।



ছবি : গমের মরিচা রোগ

দমন ব্যবস্থাপনা :

- রোগ প্রতিরোধী জাত (যেমন: বারি গম-২৫, ২৭, ২৮, ২৯, ৩০, ৩১, এবং ৩২) চাষ করা।
- উপযুক্ত সময়ে (১৫-৩০ নভেম্বর) বীজ বপন করা।
- রোগের আক্রমণ দেখা গেলে প্রপিকোনাজল গ্রুপের ছত্রাকনাশক যেমন- টিল্ট ২৫০ ইসি অথবা টেবুকোনাজল গ্রুপের ছত্রাকনাশক যেমন- ফলিকুর ২৫০ ইসি প্রতি লিটার পানিতে ০.৫ মিলি হারে মিশিয়ে একবার এবং প্রয়োজন হলে ২ সপ্তাহ পর আরও একবার গাছে স্প্রে করতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।